

স্মারক নম্বর: ৪৬.০০.৪৭০০.০৪২.১৪.১০৭.১৭.২০৮১

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১

বিষয়: ২০২১-২২ অর্থবছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় স্কিম অনুমোদন।

সূত্র: জেলা পরিষদ, খুলনা এর স্মারক জেপখ/এক/জি-৩১/২০২১-২০২২/২৬৯, তারিখ: ১৫ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের ২০২১-২২ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের বাজেটে রাজস্ব তহবিলের আওতায় ৩৪০.০০ লক্ষ (তিন কোটি চল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩১টি স্কিম অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে। প্রস্তাবিত স্কিমসমূহের মধ্যে নিম্নবর্ণিত স্কিমসমূহের প্রাক্কলন প্রস্তাবের সাথে দাখিল করা হয়নি:

ক্রমিক	স্কিমসমূহের নাম	প্রাক্কলিত ব্যয়	বাস্তবায়ন পদ্ধতি
৩.	জেলা পরিষদ জামে মসজিদ পুনঃ নির্মাণ (চলমান)	৬৫.০০ লক্ষ টাকা	টেন্ডার
৫.	খুলনা জেলা পরিষদের ব্যবস্থাপনায় পরিচালিত দৈনিক খুলনা পত্রিকার প্রিন্টিং এবং সংস্থাপন ব্যয়	৪৫.০০ লক্ষ টাকা	টেন্ডার
২৮.	খুলনা জেলা পরিষদের অফিস ভবনে ক্যাপসুল লিফট স্থাপন	২৮.০০ লক্ষ টাকা	সিপিসিসি
২৯.	খুলনা জেলা পরিষদের অফিস ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ	২০.০০ লক্ষ টাকা	সিপিসিসি
৩০.	খুলনা জেলা পরিষদের উপজেলাওয়ারি ৯টি ডাকবাংলোর জন্য আসবাবপত্র ও ক্রোকারিজ সরবরাহ (প্রতিটি ৩.০০ লক্ষ টাকা×৯)=২৭.০০ লক্ষ টাকা	২৭.০০ লক্ষ টাকা	সিপিসিসি

২। এমতাবস্থায়, উল্লিখিত ৪টি স্কিমের প্রাক্কলন দাখিল করার এবং ২৮-৩০ নং ক্রমিকের স্কিমসমূহের ক্ষেত্রে এ বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৫৫৫নং স্মারকের প্রদত্ত নির্দেশনা অনুসরণে বাস্তবায়ন পদ্ধতি সংশোধন করে পুনরায় প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এছাড়া, উল্লিখিত স্কিমসমূহ ব্যতীত অবশিষ্ট ২৬টি স্কিম ১৫৫.০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

৪-১০-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা।

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.৪৭০০.০৪২.১৪.১০৭.১৭.২০৮১/১(৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৪-১০-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব